গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।

# প্রত্যায়ন পত্র

বস্ত্র অধিদপ্তরের ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিকে (জুলাই/২৩-সেপ্টেম্বর/২৩) ডি-নথিতে ৮৮.৩৫% নোট নিষ্পত্তি হয়েছে যা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০৮.১০.২০২৩

সুব্রত কুমার ঘোষ
সহকারী পরিচালক (কারিগরি)
ও
ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

চীফ ইনোভেশন অফিসার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

**দৃ: আ:** জনাব মোঃ আমিনুল ইসলাম, প্রোগ্রামার (আইসিটি সেল) বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং-২৪.০২.০০০০.০০১. ১৬.০০২.১৯. ১০৬১

তারিখ: ২৩আশ্বিন, ১৪৩০ বঙ্গাঃ
০৮অক্টোম্বর, ২০২৩ খ্রিঃ

বস্ত্র অধিদপ্তরের ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী ই-ফাইলে নথি নিষ্পত্তির বিবরণ নিম্নে ছক আকারে দেয়া হলো:

| ক্র: নং | মাস | নিষ্পত্তিকৃত নথি | | | ডি-নথিতে নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|
| | | ডি-ফাইল | হার্ড ফাইল | মোট | |
| ০১ | জুলাই/২০২৩ | ৩৪৫ | ৩৭ | ৩৮২ | ৯০.৩১% |
| ০২ | আগস্ট/২০২৩ | ৪৪২ | ৬৮ | ৫১০ | ৮৬.৬৭% |
| ০৩ | সেপ্টেম্বর/২০২৩ | ৪৪২ | ৫৭ | ৪৯৯ | ৮৮.৫৮% |
| **সর্বমোট** | | ১২২৯ | ১৬২ | ১৩৯১ | **৮৮.৩৫%** |

০৮/১০/২০২৩
(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী পরিচালক (প্রশাসন)

ফোকাল পয়েন্ট
ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কমিটি
বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

## জুলাই ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: নুরুজ্জামান, মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : ১০ জুলাই, ২০২৩; সকাল: ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ |
| উপস্থিতি | : সংযুক্ত-"ক" |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। আলোচ্য সূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা/২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী শাখা/কমিটি |
|---|---|---|---|---|
| ১. | পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি | (১.১) পূর্বের জেরসমূহ সহ সকল অনিষ্পন্ন আবেদন নিষ্পত্তি সংক্রান্ত।<br><br>(১.২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী-<br>(ক) বস্ত্রশিল্প নিবন্ধনের আবেদন নিষ্পত্তির হার ৯০% রাখতে হবে।<br>(খ) যন্ত্রপাতী ছাড়করণের আবেদন নিষ্পত্তির হার ৯৮% রাখতে হবে।<br>(গ) অন্যান্য সেবা (নিবন্ধন ও যন্ত্রপাতী ছাড় ব্যতীত) এর নিষ্পত্তির হার ৮৮% রাখতে হবে। | (১.১) পূর্বের জেরসমূহ সহ সকল অনিষ্পন্ন আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে।<br><br>(১.২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পোষক সংক্রান্ত সকল আবেদন নিষ্পত্তি করতে হবে। | পোষক সংক্রান্ত শাখা |
| ২. | ডি-নথি | জুন/২৩ মাসে ডি নথি তে প্রাপ্তি ৪০৪ টি, হার্ড নথিতে প্রাপ্তি ০৬ টি, মোট প্রাপ্তি ৪১০টি। ডি নথিতে নিষ্পত্তির হার ৯৮.৫৪%। | বস্ত্র অধিদপ্তরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি- নথি তে নথি নিষ্পত্তির হার ৮০% অব্যাহত রাখতে হবে। | সকল শাখা |
| ৩. | বস্ত্র শিক্ষা | (২.১) ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির কার্যক্রম সম্পন্ন সংক্রান্ত। | (২.১) ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষা আগামী ২২/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করতে হবে। | শিক্ষা শাখা |

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা/২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী শাখা/কমিটি |
|---|---|---|---|---|
| ৪. | শূন্য পদ পূরণ | (৩.১) বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত ১৮৩টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম সংক্রান্ত। | (৩.১) বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত ১৮৩টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রশাসন শাখা |
| ৫. | সুশাসন সংক্রান্ত কার্যক্রম(জিআরএস, এনআইএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন) | বস্ত্র অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী এর বাস্তবায়ন সংক্রান্ত। | বস্ত্র অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী এর বাস্তবায়ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | সুশাসন সংক্রান্ত কার্যক্রমের ফোকাল পয়েন্টগণ |
| ৬. | মামলা ও অডিট | (৫.১) বস্ত্র অধিদপ্তরের চলমান মামলা সমূহ Cause list আসার ব্যাপারে সতর্ক থাকা সংক্রান্ত। | (৫.১) বস্ত্র অধিদপ্তরের চলমান মামলা সমূহ Cause list আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে। | জনাব মোঃ ইব্রাহীম আলী সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী |
| | | (৫.২) বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহণ সংক্রান্ত। | (৫.২) বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহণ করতে হবে। | মো: মনিরুল ইসলাম (সহকারী পরিচালক) |
| ৭. | স্মার্ট বাংলাদেশ | স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ সংক্রান্ত। | স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | স্মার্ট বাংলাদেশ কমিটি |
| ৮. | পরিদর্শন (বস্ত্রশিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠান) | (৭.১) ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত। | (৭.১) ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ পরিদর্শন অব্যহত রাখতে হবে। | সকল শাখার কর্মকর্তাগণ |

২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৭/২০২৩
(মো: নূরুজ্জামান)
মহাপরিচালক

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২-৭৫৪/১(৫)

তারিখ : ০৪ শ্রাবন ১৪৩০ / ১৯জুলাই ২০২৩

বিতরণ: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

২৭/০৭/২০২৩
(মো: সাইফুর রহমান)
উপপরিচালক(প্রশাসন)

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিটিএমসি ভবন (১০ম তলা)

৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.dot.gov.bd

## আগস্ট, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: নুরুজ্জামান, মহাপরিচালক

সভার তারিখ ও সময় : ১৭ আগস্ট, ২০২৩; সকাল: ১১:৩০ ঘটিকা

সভার স্থান : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ

উপস্থিতি : সংযুক্ত-"ক"

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। আলোচ্য সূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা/২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী শাখা/কমিটি |
|---|---|---|---|---|
| ১. | পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি | (১.১) পূর্বের জেরসমূহ সহ সকল অনিষ্পন্ন আবেদন নিষ্পত্তি সংক্রান্ত আলোচনা হয়।<br><br>(১.২) গত মাসের জের ছিল ২৮টি, আলোচ্য মাসের প্রাপ্তি ৪১৭ টি, মোট প্রাপ্তি ৪৪৫ টি, নিষ্পত্তি ৪০১ টি ,অনিষ্পন্ন রয়েছে ৪৪ টি। নিষ্পত্তির হার ৯০.১১%। | (১.১) পূর্বের জেরসমূহ সহ সকল অনিষ্পন্ন আবেদন যথাসময়ে নিষ্পত্তি করতে হবে।<br><br>(১.২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী-<br>(ক) বস্ত্রশিল্প নিবন্ধনের আবেদন নিষ্পত্তির হার ৯০% রাখতে হবে।<br>(খ) যন্ত্রপাতী ছাড়করণের আবেদন নিষ্পত্তির হার ৯৮% রাখতে হবে।<br>(গ) অন্যান্য সেবা (নিবন্ধন ও যন্ত্রপাতী ছাড় ব্যতীত) এর নিষ্পত্তির হার ৮৮% রাখতে হবে। | পোষক সংক্রান্ত শাখা |
| ২. | ডি-নথি | জুলাই/২৩ মাসে ডি নথি তে প্রাপ্তি ৩৪৫ টি, হার্ড নথিতে প্রাপ্তি ৩৭ টি, মোট প্রাপ্তি ৩৮২টি। ডি নথিতে নিষ্পত্তির হার ৯০.৩১%। | বস্ত্র অধিদপ্তরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি- নথি তে নথি নিষ্পত্তির হার ৮০% অব্যাহত রাখতে হবে। | সকল শাখা |
| ৩. | বস্ত্র শিক্ষা | (২.১) ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির কার্যক্রম সম্পন্ন সংক্রান্ত। | (২.১) ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় অপেক্ষমাণ তালিকায় থাকা পরীক্ষার্থীদেরকে যথানিয়মে ভর্তির ব্যবস্থা করতে হবে। | শিক্ষা শাখা |
| ৪. | শূন্য পদ পূরণ | (৩.১) বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেনির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত ১৮৩টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করন সম্পর্কিত। | (৩.১) আগামী ২৬/০৮/২০২৩ তারিখে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১৮৩ টি পদের মধ্যে ১ম ধাপে ৩টি ক্যাটাগরিতে (টেইলার মাস্টার ৬টি টেকনিক্যাল এ্যাসিসটেন্ট ৫৬টি ও ল্যাব এ্যাসিসটেন্ট ২৬ টি ) ৮৮ টি পদের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রশাসন শাখা |

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা/২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী শাখা/কমিটি |
|---|---|---|---|---|
| ৫. | সুশাসন সংক্রান্ত কার্যক্রম(জিআর এস, এনআইএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন) | বস্ত্র অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী এর বাস্তবায়ন সংক্রান্ত। | বস্ত্র অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি মাসে জিআরএস, এনআইএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন সম্পর্কিত প্রতিটির ১টি করে কর্মশালা আয়োজন করতে হবে। | সুশাসন সংক্রান্ত কার্যক্রমের ফোকাল পয়েন্টগণ |
| ৬. | মামলা ও অডিট | (৫.১) বস্ত্র অধিদপ্তরের চলমান মামলা সমূহ Cause list আসার ব্যাপারে সতর্ক থাকা সংক্রান্ত। | (৫.১) বস্ত্র অধিদপ্তরের চলমান মামলা সমূহ Cause list আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং চলমান ১৫টি মামলার শুনানী/রায়/আপীলের বিষয়ে সতর্ক থাকতে হবে। | জনাব মোঃ ইব্রাহীম আলী সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী |
| | | (৫.২) বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহণ সংক্রান্ত। | (৫.২) বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহণ করতে হবে। আগামী সভার পূর্বেই সকল অডিট আপত্তিগুলি শ্রেণীবিন্যাস করে সংশ্লিষ্ট তথ্যাদিসহ কর্তৃপক্ষের নিকটে উপস্থাপন করে দিক নির্দেশনা চাইতে হবে। প্রয়োজনে একটি সভা করার ব্যবস্থা নিতে হবে। | মো: মনিরুল ইসলাম (সহকারী পরিচালক) |
| ৭. | স্মার্ট বাংলাদেশ | স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মধ্যে স্বল্পমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে দুটি কর্মশালা আয়োজন করা হয়েছে। | স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সমূহ বাস্তবায়নের কার্যক্রম অব্যহত রাখতে হবে। | স্মার্ট বাংলাদেশ কমিটি |
| ৮. | পরিদর্শন (বস্ত্রশিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠান) | (৭.১) ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ৫১৫ টি, বায়িং হাউজ ৩৪০টি, ইটিপি ১৫টি পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। | (৭.১) ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান/শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ পরিদর্শন অব্যহত রাখতে হবে। | সকল শাখার কর্মকর্তাগণ |

২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১/০৮/২০২৩

(মো: নূরুজ্জামান)
মহাপরিচালক

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২-৯১৬/১(৫)

তারিখ : ১৬ভাদ্র ১৪৩০ / ৩১আগস্ট ২০২৩

**বিতরণ: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

৩১/০৮/২০২৩

(মো: সাইফুর রহমান)
উপপরিচালক (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ সেপ্টেম্বর,২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: নূরুজ্জামান, মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : ১৮ সেপ্টেম্বর, ২০২৩, সকাল: ১০:৩০ ঘটিকা |
| সভার স্থান | : বস্ত্র অধিদপ্তরের সভাকক্ষ |

২.০০। সভায় উপস্থিতি পরিশিষ্ঠ -"ক"

২.০১। সভায় বস্ত্র অধিদপ্তরের কর্মরত, পরিচালকগণ, উপপরিচালক/সমমান (সকল), সহকারী পরিচালক/ সমমান (সকল) এবং সমন্বয় সভার সাথে সংশ্লিষ্ট কর্মচারীগণ।

২.০২। উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সমন্বয় সভার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন) কে অনুরোধ করা হয়। অত:পর নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

৩.০০। <u>আলোচ্যসূচী (ক): পূর্ববর্তী সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ।</u>

৩.০১। উপপরিচালক (প্রশাসন) গত সভার কার্যবিবরনীতে কোন সংশোধন বা সংযোজন-বিয়োজন প্রস্তাব থাকলে তা পেশ করার জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত কেউ কোনো সংশোধনী প্রস্তাব না দেওয়ায় কার্যবিবরনীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরন করা হয়।

৪.০০। <u>আলোচ্যসূচী (খ): পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি:</u>

৪.০১। <u>পোষক কর্তৃপক্ষের আবেদন নিষ্পত্তি সংক্রান্ত আলোচনায়</u> পোষক কর্তৃপক্ষের প্রাপ্ত আবেদন যথাসময়ে সিটিজেন চার্টর অনুযায়ী নিষ্পত্তি করা হচ্ছে কিনা উপপরিচালক(প্রশাসন) কর্তৃক সে বিষয়ে উপস্থাপন করা হলে ,ওয়ানস্টপে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মৃত্যুঞ্জয় কুমার মহন্ত জানান যে,গত জুলাই/২৩ মাসের জের ছিল ৪৪টি, আগস্ট/২৩ মাসের প্রাপ্তি ২৩৮,মোট প্রাপ্তি ২৮২ টি, আগস্ট/২৩ মাসে নিষ্পত্তি ২৩৯টি এবং অনিষ্পন্ন রয়েছে ৪৩ টি।

৪.২। <u>সিদ্ধান্ত (খ):</u> সিটিজেন চার্টারের সময়সীমার মধ্যে পূর্বের জেরসমূহ সহ সকল আবেদন নিষ্পত্তি করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ঘাটতি কাগজপত্র না দিলে আবেদনপত্রটি নথিজাত বা নামঞ্জুর করতে হবে। ওয়ানস্টপে গৃহীত আবেদন ০১ (এক) দিনের মধ্যে শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫.০০ <u>আলোচ্যসূচী (গ):বস্ত্র শিক্ষা</u>

৫.০১। <u>বস্ত্র শিক্ষা</u> সংক্রান্ত আলোচনায় পরিচালক (শিক্ষা) জানান যে ,২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষা ২২/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১০/০৮/২৩ তারিখ পর্যন্ত মেধাতালিকায় যোগ্য প্রার্থীগণ ভর্তি হয়েছে। পরবর্তীতে আসন শূণ্য থাকায় ১০/০৯/২০২৩ তারিখে ৩য় মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। ১২/০৯/২৩ থেকে ১৪/০৯/২৩ পর্যন্ত ৩য় মেধাতালিকার ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

৫.০২। <u>সিদ্ধান্ত (গ):</u> ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অপেক্ষমান তালিকায় রয়েছে তাদের মধ্য থেকে আসন ফাঁকা থাকা সাপেক্ষে চতুর্থ মেধা তালিকা প্রকাশ করতঃ সকল আসন পূর্ণ করতে হবে।

৬.০০। আলোচ্যসূচী (ঘ):শূন্যপদ পূরণ:

৬.০১। সভায় পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে , বস্ত্র অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ০৩ ক্যাটাগরির ১৮৩টি পদের মধ্যে ১ম ধাপের মৌখিক পরীক্ষা আগামী ২৭/০৯/২০২৩ হতে শুরু হয়। ২য় ধাপের লিখিত পরীক্ষাগ্রহণের জন্য ২০২৩-২৪ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেটের চেয়ে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে। তার প্রস্তাব পেশ করার জন্য তিনি উপপরিচালক (অর্থ) অনুরোধ করেন।

৬.০২। সিদ্ধান্ত (ঘ)১: ২য় ধাপের লিখিত পরীক্ষাগ্রহণের জন্য বরাদ্দকৃত বাজেটের যে অতিরিক্ত অর্থের প্রয়োজন হবে সেটা চেয়ে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৬.০২। সিদ্ধান্ত (ঘ)২: প্রথম ধাপের মৌখিক পরীক্ষা সুষ্টুভাবে সম্পন্ন করতে হবে।

৭.০০ আলোচ্যসূচী (ঙ): বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):

৭.০১। সভায় সভাপতি বিগত ২০২১-২২ অর্থবছরের ন্যায় ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে প্রথম স্থান অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যে সম্পাদিত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে বস্ত্র অধিদপ্তরের জন্য নির্ধারিত অংশে পূর্ণ নম্বর অর্জন করায় সংশ্লিষ্ট সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ চুক্তিতে কতিপয় সংশোধন প্রয়োজন মর্মে এপিএ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন।

৭.০২। সিদ্ধান্ত (ঙ): বস্ত্র অধিদপ্তর এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ সংশোধনী প্রস্তাব এপিএ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৮.০০। আলোচ্যসূচী (চ): সুশাসন সংক্রান্ত কার্যক্রম

৮.০১। আলোচনা (চ.১) জিআরএস: সভায় সভাপতি ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা জিআরএসএ নির্ধারিত ৪ (চার) নম্বরের মধ্যে পূর্ণ নম্বর অর্জন করায় জিএরএস ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি ২০২৩-২৪ অর্থবছরেও এ ধারা অব্যহত রাখার ব্যাপারে তিনি পরামর্শ প্রদান করেন।

৮.০২। সিদ্ধান্ত (চ.১): ২০২৩-২৪ অর্থবছরের এপিএ চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৩। আলোচনা (চ.২): এনআইএস : সভায় সভাপতি ২০২২-২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এনআইএস এ নির্ধারিত ১০ (দশ) নম্বরের মধ্যে পূর্ণ নম্বর অর্জন করায় এনআইএস ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি ২০২৩-২৪ অর্থ বছরেও এ ধারা অব্যহত রাখার ব্যাপারে তিনি পরামর্শ প্রদান করেন।

৮.৪। সিদ্ধান্ত(চ.২): ২০২৩-২৪ অর্থবছরের এনআইএস চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৫। আলোচনা (চ.৩): সিটিজেন চার্টার : সভায় সভাপতি ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সিটিজেন চার্টার এ নির্ধারিত ৩ (তিন) নম্বরের মধ্যে পূর্ণ নম্বর অর্জন করায় সিটিজেন চার্টার ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি ২০২৩-২৪ অর্থ বছরেও এ ধারা অব্যহত রাখার ব্যাপারে তিনি পরামর্শ প্রদান করেন।

৮.০৬। সিদ্ধান্ত (চ.৩): ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৭। আলোচনা (চ.৪) :তথ্য অধিকারঃ  সভায় সভাপতি  ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা তথ্য অধিকার এ নির্ধারিত ৩ (তিন) নম্বরের মধ্যে পূর্ণ নম্বর অর্জন করায় তথ্য অধিকার ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি ২০২৩-২৪ অর্থ বছরেও এ ধারা অব্যহত রাখার ব্যাপারে তিনি পরামর্শ প্রদান করেন।

৮.০৮। সিদ্ধান্ত (চ.৪): ২০২৩-২৪ অর্থবছরের তথ্য অধিকার চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৮.০৯। আলোচনা (চ.৫): ই-গভর্নেন্স ও ইনোভেশনঃ সভায় সভাপতি  ২০২২-২৩ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা ই-গভর্নেন্স ও ইনোভেশন এ নির্ধারিত ১০ (দশ) নম্বরের মধ্যে পূর্ণ নম্বর অর্জন করায় ই-গভর্নেন্স ও ইনোভেশন ফোকাল পয়েন্টকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি ২০২৩-২৪ অর্থ বছরেও এ ধারা অব্যহত রাখার ব্যাপারে  তিনি পরামর্শ প্রদান করেন।

৮.১০। সিদ্ধান্ত (চ.৫): ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও ইনোভেশন চুক্তি সামনে রেখে নির্ধারিত সময়ে সকল টার্গেট অর্জন করতে হবে।

৯.০০। আলোচ্যসূচী (ছ): মামলা ও অডিটঃ

৯.০১। আলোচনা (ছ.১)মামলাঃ  উপপরিচালক(প্রশাসন) কর্তৃক মামলা বিষয়ে উপস্থাপন করা হলে,দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ইব্রাহিম আলী জানায়  বস্ত্র অধিদপ্তরে ১৫ টি মামলা চলমান রয়েছে। এর মধ্যে  ১১ টি মামলা  হাইকোর্ট ডিভিশনে শুনানির জন্য চলমান রয়েছে এবং ৪টি মামলা সরকারের বিপক্ষে হাইকোর্ট ডিভিশনে রায় হয়েছে। সরকারের বিপক্ষে রায় হওয়া ৪টি মামলার আপীল বিভাগে চলমান রয়েছে।

৯.০২। সিদ্ধান্ত (ছ.১): চলমান মামলাসমূহ Cause List এ আসার ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং মামলার শুনানী/রায়/আপীলের বিষয়ে সতর্ক থাকতে হবে।

৯.০৩। আলোচনা (ছ.২)অডিটঃ  উপপরিচালক(প্রশাসন) কর্তৃক  অডিট বিষয়ে উপস্থাপন করা হলে, বস্ত্র অধিদপ্তরের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা  চলমান অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনা করেন। সভার সভাপতি অডিট আপত্তিসমূহ নিস্পত্তির জন্য কার্যকর পরামর্শ প্রদান করেন।  দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহবান করে অডিট আপত্তিসমূহ নিস্পত্তির ব্যবস্থা করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।

৯.০৪। সিদ্ধান্ত(ছ.২): বস্ত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি কার্যক্রম গ্রহন করতে হবে। ১টি করে প্রতিষ্ঠান/প্রকল্প নিয়ে সভা করতে হবে।

১০.০০। আলোচ্যসূচী (জ): স্মার্ট বাংলাদেশ:

১০.১। উপপরিচালক(প্রশাসন) কর্তৃক  স্মার্ট বাংলাদেশ বিষয়ে উপস্থাপন করা হলে,কমিটি সদস্য সচিব  স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরে গত ১০/০৬/২০২৩ তারিখে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে মর্মে জানান। পরবর্তীতে বস্ত্র অধিদপ্তর কর্তৃক স্মার্ট বাংলাদেশ কার্যক্রম বাস্তবায়নের জন্য ২টি কমিটি গঠন করা হয়। গত ১০/০৮/২০২৩ তারিখে ''স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বস্ত্র অধিদপ্তরের করণীয়'' শীর্ষক আরও একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে মর্মে তিনি সভায় সবাইকে অবহিত করেন।

১০.০২। সিদ্ধান্ত (জ): স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা সমূহ মধ্যে স্বল্পমেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়নের  অংশ হিসেবে অক্টোবর/২৩ মাসের প্রথম সপ্তাহে একটা কর্মশালার আয়েজন করতে হবে।

১১.০০। আলোচ্যসূচী (ঝ): স্মার্ট বাংলাদেশ পরিদর্শন (বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠান)

১১.০১। আলোচনা (ঝ.১) বস্ত্র শিল্প প্রতিষ্ঠান: উপপরিচালক(প্রশাসন) কর্তৃক পরিদর্শনের বিষয়ে উপস্থাপন করা হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ৫১৫ টি, বায়িং হাউজ ৩৪০টি, ইটিপি ১৫টি পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১১.০২। আলোচনা (ঝ.২)বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠা: উপপরিচালক(প্রশাসন) কর্তৃক পরিদর্শনের বিষয়ে উপস্থাপন করা হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিবীক্ষণের জন্য ৩০ (ত্রিশ) টি ও অন লাইনে পরিবীক্ষণের জন্য ৬০ (ষাট) টি লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১১.০৩। সিদ্ধান্ত (ঝ.১ ও ঝ.২): ২০২৩-২৪ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কে সামনে রেখে বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখতে হবে।

১২.০০।আলোচ্যসূচী:ডি-নথি:

১২.০১। উপপরিচালক (প্রশাসন) কর্তৃক ডি-নথির বিষয়ে উপস্থাপন করা হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান যে, আগস্ট/২৩ মাসে ডি-নথিতে প্রাপ্তি ৪৪২, হার্ড নথিতে প্রাপ্তি ৬৮, মোট প্রাপ্তি ৫১০ এবং ডি-নথি নিষ্পত্তির হার ৮৬.৬৭%।

১২.০২। সিদ্ধান্ত (ঞ): বস্ত্র অধিদপ্তরের ই- গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী ডি-ফাইলে নথি নিষ্পত্তির হার নূন্যতম ৮০% অব্যহত রাখতে হবে।

৪। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নূরুজ্জামান)
মহাপরিচালক

স্মারক নম্বর- ২৪.০২.০০০০.০০১.০৬.০০৯.২২-

তারিখ : আশ্বিন ১৪৩০ / অক্টোম্বর ২০২৩

**বিতরণ: অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক/সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৩. সহকারী পরিচালক/ সমমান (সকল), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৫. প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

(মো: আব্দুর রহমান)
উপপরিচালক(প্রশাসন)(অ:দা:)

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ জুলাই ২০২৩ - ৩০ সেপ্টেম্বর ২০২৩] | | | |
|---|---|---|---|
| অফিসের নাম | নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত) | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা) | নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%) |
| বস্ত্র অধিদপ্তর | ১২২৯ | ১৬২ | ৮৮.৩৫% |

১৩ নভেম্বর ২০২৩ইং

কারিগরি সহায়তায় ট্যাপওয়্যার

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ জুলাই ২০২৩ - ৩১ জুলাই ২০২৩] | | | |
|---|---|---|---|
| অফিসের নাম | নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত) | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা) | নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%) |
| বস্ত্র অধিদপ্তর | ৩৪৫ | ৩৭ | ৯০.৩১% |

১৩ নভেম্বর ২০২৩ইং

কারিগরি সহায়তায় ট্যাপওয়্যার

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ আগস্ট ২০২৩ - ৩১ আগস্ট ২০২৩] | | | |
|---|---|---|---|
| অফিসের নাম | নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত) | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা) | নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%) |
| বস্ত্র অধিদপ্তর | ৪৪২ | ৬৮ | ৮৬.৬৭% |

| নথি ব্যবহারের শতকরা হার মূল্যায়ন প্রতিবেদন- [০১ সেপ্টেম্বর ২০২৩ - ৩০ সেপ্টেম্বর ২০২৩] | | | |
|---|---|---|---|
| অফিসের নাম | নথিতে নিষ্পত্তিকৃত নোট (সিস্টেম থেকে প্রাপ্ত) | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোট (হার্ড ফাইলের সংখ্যা) | নথিতে নিষ্পত্তিকৃত নথির হার (%) |
| বস্ত্র অধিদপ্তর | ৪৪২ | ৫৭ | ৮৮.৫৮% |